

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯১

খোয়াই, ২০ সেপ্টেম্বর, ২০২৪

২৫ সেপ্টেম্বর খোয়াই মহকুমা ভিত্তিক
পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন

আগামী ২৫ সেপ্টেম্বর সুভাষ পার্কের কোহিনূর কমপ্লেক্সে খোয়াই মহকুমা ভিত্তিক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। ২৬ সেপ্টেম্বর খোয়াই পুরাতন টাউনহলে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। এছাড়া ১ অক্টোবর পুরাতন টাউনহলে খোয়াই মহকুমা ভিত্তিক কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। ২ অক্টোবর কোহিনূর কমপ্লেক্স প্রাঙ্গণে জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হবে। এই অনুষ্ঠানগুলি সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে খোয়াই জিলা পরিষদের সভাপতিত্ব অপর্ণা সিংহ রায় (দত্ত)'র সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সদস্য চম্পকলতা রুদ্রপাল, জেলার সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, সুমিত কর, পীযুষ কান্তি চৌধুরী, জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক, বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা প্রমুখ। বৈঠকে এই অনুষ্ঠানগুলি সফলভাবে সম্পন্ন করার জন্য সবার সহযোগিতা চাওয়া হয়।
